

এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার লেটার নং-০৩/২০২৩

তারিখ : ০৬.১১.২০২৩

বিষয়: চলতি হিসাবের চার্জ রহিতকরণ।

চলতি আমানত হিসাব রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর একটি সুদবিহীন আমানত হিসাব। চলতি হিসাবের অর্থ চাহিবামাত্র এর গ্রাহককে প্রদান করতে হয়। ব্যাংকিং বিধি অনুসরণ করে একজন গ্রাহক প্রতিদিন তার প্রয়োজনে এক বা একাধিকবার এ হিসাবে অর্থ জমা ও উত্তোলন করতে পারেন। চলতি আমানতে যেহেতু সুদব্যয় নেই তাই ইহা ব্যাংকের জন্য সুদব্যয় সাশ্রয়ী লাভজনক আমানত এবং এ আমানত ব্যাংকের মুনাফার অন্যতম উৎস হিসেবে বিবেচিত। এ আমানত যতবেশী বৃদ্ধি পায় ততবেশী সুদব্যয় সাশ্রয় হয়ে ব্যাংকের মুনাফা বৃদ্ধিতে অবদান রাখে। চলতি আমানত হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) বাবদ প্রতি ষান্মাসিকে সর্বোচ্চ ৩০০/- টাকা ও SMS Charge বাবদ বাৎসরিক ১৫০/- টাকা আদায় করা হয়ে থাকে; যা ব্যাংকের মুনাফা বৃদ্ধিতে যৎসামান্য অবদান রাখে। অথচ এ যৎসামান্য আয় পরিহার করে ব্যাপক পরিমাণে চলতি আমানত বৃদ্ধির মাধ্যমে ৭% (এফডিআর সুদ ৭%- ০% = ৭%) সুদব্যয় সাশ্রয়ী পদ্ধতিতে প্রতি কোটিতে ৭.০০ লক্ষ টাকা মুনাফা বৃদ্ধি করা যেতে পারে। ব্যাংকিং ব্যবসায় সুদব্যয় সাশ্রয় করে মুনাফা বৃদ্ধি একটি গুরুত্বপূর্ণ পন্থা। যে ব্যাংকে সুদব্যয়বিহীন ও স্বল্প সুদবাহী আমানত যত বেশী, সে ব্যাংক তত বেশী মুনাফামুখী।

০২। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে বিদ্যমান চলতি আমানত হিসাবে Account Maintenance Fee এবং SMS Charge কর্তন করা হলে আমানতকারীগণের এই সুদবিহীন আমানত হিসাবে তাদের আমানত গচ্ছিত রাখার এবং লেনদেন গতিশীল করার-আগ্রহ বৃদ্ধি পাবে। আমানতকারীগণের আগ্রহের বিষয়টি বিবেচনায় রেখে বর্তমানে ব্যাংকের আমানত সংগ্রহ বৃদ্ধিকরণ, তারল্য ঘাটতি দূরীকরণ, সুদব্যয় সাশ্রয়ী আর্থিক ভিত্তি সুসংহতকরণ, সর্বোপরি ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে চলতি হিসাবে দৈনিক ভিত্তিতে ন্যূনতম আমানত স্থিতি সংরক্ষণ করার শর্তে উল্লিখিত চার্জ রহিত করা যেতে পারে।

০৩। ৩০.০৬.২০২১ তারিখের প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার নং-০৩/২০২১ ও ২১.০৬.২০২২ তারিখের প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার নং-০২/২০২২ মারফত জারীকৃত Schedule of Charges মোতাবেক বিদ্যমান চলতি আমানত হিসাবে বর্তমানে নিম্নবর্ণিত হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) ও SMS Charge কর্তন করা হয়:

ক্র. নং.	সার্ভিস এর বিবরণ	অনুমোদিত চার্জ/ফি/কমিশনের হার
০১.	হিসাব রক্ষণাবেক্ষণ ফি (সরকারি হিসাব ব্যতীত)	প্রতি ষান্মাসিকে সর্বোচ্চ ৩০০/- টাকা
০২.	SMS Charge	বাৎসরিক ১৫০/- টাকা

০৪। চলতি হিসাবের চার্জ রহিতকরণের প্রস্তাব রাকাব, পরিচালনা পর্ষদের গত ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৫৬৯তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়:

সিদ্ধান্ত-১:	চলতি আমানত হিসাবে দৈনিক ভিত্তিতে গড় স্থিতি ন্যূনতম ২০,০০০/- (বিশ হাজার) টাকা থাকলে প্রতি ষান্মাসিকে হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) কর্তন করা যাবে না।
সিদ্ধান্ত-২:	একইভাবে চলতি আমানত হিসাবে দৈনিক ভিত্তিতে গড় স্থিতি ন্যূনতম ২০,০০০/- (বিশ হাজার) টাকা থাকলে বাৎসরিক SMS Charge কর্তন করা যাবে না।
সিদ্ধান্ত-৩:	আবগারী শুল্ক ও অন্যান্য সরকারী ফি/চার্জ কর্তন যথারীতি প্রযোজ্য হবে।

০৫। এমতপ্রেক্ষিতে পর্ষদ কর্তৃক প্রদত্ত উপরোক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে পরিপালনের জন্য পরামর্শ দেয়া হলো। এতদব্যতীত বিদ্যমান চলতি আমানত হিসাব পরিচালনার অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। উপরোল্লিখিত নির্দেশাবলী ০১.০১.২০২৪ ইং তারিখ হতে কার্যকর হবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা নিরীক্ষাকালে সার্কুলার লেটারে বর্ণিত নিয়ম যথাযথভাবে অনুসৃত হচ্ছে কিনা তা যাচাই করবেন।

০৭। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

০৬/১১/২৩
(মুহাঃ হাফিজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

চলমান পাতা-০২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলার লেটারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সিবিএস এ কার্যকর করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি।
- ১০। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। অফিস নথি।


(মোঃ সাদিকুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক